# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 15 July, 2025

প্রকৌশল খাতে বিদ্যমান কোটা ও পদোন্নতির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়ার বিরুদ্ধে তিন দফা দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (জাবিপ্রবি) শিক্ষার্থীরা।মঙ্গলবার (১৫ জুলাই) সকাল ১১টায় একাডেমিক ভবনের সামনে থেকে শুরু হওয়া বিক্ষোভ মিছিল ক্যাম্পাস ও গোবিন্দগঞ্জ বাজার এলাকা প্রদক্ষিণ করে প্রশাসনিক ভবনের সামনে এসে শেষ হয়।শিক্ষার্থীদের স্লোগানে মুখর ছিল পুরো এলাকা।

তিন দফা দাবিগুলো হলো, সহকারী প্রকৌশলী পদে সরাসরি নিয়োগ ও বিএসসি ডিগ্রিকে বাধ্যতামূলক করা, উপ-সহকারী প্রকৌশলী পদের নিয়োগ সবার জন্য উন্মুক্ত রাখা ও বিএসসি ছাড়া প্রকৌশলী পদবি ব্যবহার বন্ধে আইন প্রণয়ন।

সমাবেশে বক্তব্য রাখেন, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চেয়ারম্যান ড. সুজিত রায়, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. মো. শিজার রহমান, প্রকৌশলী অধিকার আন্দোলনের প্রধান সংগঠক মো. সাকিবুল হক লিপু এবং জাবিপ্রবি শাখার মুখ্য সংগঠক আবদুল্লাহ আল মিনহাজ।

বক্তারা বলেন, পদোন্নতির নামে বিএসসি প্রকৌশলীদের সঙ্গে দীর্ঘদিন ধরে বৈষম্য করা হচ্ছে।তারা হুঁশিয়ারি দিয়ে বলেন, দাবি মানা না হলে আরও কঠোর কর্মসূচি নেওয়া হবে।

জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চেয়ারম্যান প্রকৌশলী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 17 July, 2025 01:33

URL: https://timestodaybd.com/mymensingh/4074624815